



এ্যাডভোকেট মোশাররফ হোসেন

১৯৩৫ সালে

ফরিদপুর জেলার সদরপুর উপজেলার চরডুবাইল গ্রামে

এ্যাডভোকেট মোশাররফ হোসেন ছিলেন ভাষা সৈনিক, মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক, বাংলাদেশ সংবিধান রচয়িতা কমিটির সদস্য এবং সদরপুর চরভদ্রাসন এলাকার নির্বাচিত সংসদ সদস্য। পিতা ছিলেন মরহুম মুসী হেলালউদ্দিন আহমেদ। ১৯৫০ সালে ছাত্রলীগে যোগদানের মাধ্যমে রাজনীতিতে প্রবেশ করেন। এরপর ১৯৫২ সালের ভাষা আন্দোলন এবং ১৯৫৪ সালের যুক্তফ্রন্টের নির্বাচনে সক্রিয় ভূমিকা রাখেন। ১৯৫৫ সালে জেলা আওয়ামীলাগের নির্বাচনী কমিটির সদস্য হয়ে সক্রিয়ভাবে রাজনীতি শুরু করেন। ১৯৬৬ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে এলএলবি পাশ করে আইন পেশায় যোগদান করেন। ১৯৭০ সালে প্রাদেশিক পরিষদ সদস্য ছিলেন। ১৯৯১ সালে এবং ১৯৯৬ সালে ২ বার সদরপুর-চরভদ্রাসন নির্বাচনী এলাকার সংসদ সদস্য নির্বাচিত হয়েছিলেন। ১৯৫২, ৫৫, ৫৬ সালে বিভিন্ন মেয়াদে কারাবরণ করেন। বঙ্গবন্ধু শেখ মুজিব ছিলেন তার রাজনৈতিক প্রেরণা। তিনি সবসময় নবীনদের কাছ থেকে সন্ত্রাসবিহীন এবং সমাজ কল্যাণমূলক রাজনীতি আশা করেছেন। কাগমারী সম্মেলন তাঁর রাজনৈতিক জীবনের তাৎপর্যপূর্ণ এবং একটি স্মরণীয় ঘটনা। ১৯৭১ সালে মুক্তি যুদ্ধের সময় কয়েকটি অঞ্চলকে সংগঠিত করার জন্য ভারতের বিহারের পাকুলিয়া গেরিলা ট্রেনিং সেন্টারে পলিটিক্যাল অফিসার হিসাবে দায়িত্ব পালন করেন।

তিনি ১৯৭২ সালে সদরপুর কলেজ প্রতিষ্ঠা করেন এবং ১৯৮৪ সালে কলেজটি সরকারি করন করা হয়। বর্তমানে কলেজটি [সদরপুর সরকারি কলেজ](#) নামে পরিচিত।